



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ
ফোন : ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)
www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/বিদ্যা/ময়মন/২০১৯/২২৭৫

তারিখ : ২৪/০২/২০২০ খ্রিঃ

বিষয় : বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি ভেঙে দেয়া প্রসঙ্গে।

সূত্র : (i) অত্র বোর্ডের স্মারক নং- মশিবো/বিদ্যা/ময়মন/২০১৯/২২৩৩ তারিখ : ১৩/০২/২০২০ খ্রিঃ পত্র।

(ii) বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ-এর স্মারক নং- ০৫.৪৫.০০০০.০১৩.২৭.০০২.১৯.০৭ তারিখঃ

০৬/০২/২০২০ খ্রিঃ পত্র।

(iii) সভাপতি, ম্যানেজিং কমিটি-এর ২৩/০২/২০২০ তারিখের কারণ দর্শানো জবাব।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মূলে ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন “শঙ্কুগঞ্জ ইউ. সি. উচ্চ বিদ্যালয়” এ ম্যানেজিং কমিটির সভাপতিসহ সদস্যদের বিরুদ্ধে বিদ্যালয়ে প্রধান শিক্ষক নিয়োগে ঘুষ গ্রহণ ও অন্যান্য আর্থিক দুর্নীতির অভিযোগের বিষয়ে সভাপতি, ম্যানেজিং কমিটি এর ২৩/০২/২০২০ খ্রিঃ তারিখের কারণ দর্শানো জবাব সন্তোষজনক না হওয়ায় এস.আর.ও নং-৯৯-আইন/২০০৯ এর ধারা ৩৮(১) অনুযায়ী বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি এতদ্বারা ভেঙে দেয়া হলো।

২। বিদ্যালয়টি সুষ্ঠুভাবে পরিচালনা স্বার্থে এডহক কমিটি গঠন করার অনুমতি প্রদান করা হলো।

বোর্ডের ম্যানেজিং কমিটি গঠন বিষয়ক প্রবিধানমালা, ২০০৯ এসআরও নং-৯৯/আইন/২০০৯-এর ৩৯(১) নং ধারা অনুযায়ী এডহক কমিটিতে নাম অন্তর্ভুক্তির জন্য এ পত্র ইস্যুর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে স্বয়ংসম্পূর্ণ অবস্থায় বোর্ডের অনুমোদনের জন্য নিম্নবর্ণিত কাগজপত্র অবিলম্বে এ দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, এ কমিটির অনুমোদন প্রাপ্তির মেয়াদকালের মধ্যে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করতে ব্যর্থ হলে বিদ্যালয়ের অনুমতি/স্বীকৃতি বাতিলসহ শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতাদী বন্ধ করা হবে।

১। সভাপতি মনোনয়নের জন্য জীবন-বৃত্তান্তসহ ৩ (তিন) জন ব্যক্তির নাম;

২। একজন অভিভাবক প্রতিনিধির নাম (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত);

৩। একজন শিক্ষক প্রতিনিধির নাম (জেলা শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত);

প্রাপক : প্রধান শিক্ষক

শঙ্কুগঞ্জ ইউ. সি. উচ্চ বিদ্যালয় (EIN: 111855)

উপজেলা : ময়মনসিংহ সদর, জেলা : ময়মনসিংহ।

মেমো নং- ২২৭৫(৬)

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

ড. মোঃ দিদারুল ইসলাম

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

তারিখ : ২৪/০২/২০২০ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সদর, ময়মনসিংহ।
- ৩। জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, ময়মনসিংহ।
- ৫। সভাপতি, প্রাক্তন ম্যানেজিং কমিটি, শঙ্কুগঞ্জ ইউ. সি. উচ্চ বিদ্যালয়,
উপজেলা : সদর, জেলা : ময়মনসিংহ।
- ৬। অফিস কপি।

Didarul Islam

24.02.2020

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

Didarul Islam